বাড়িতে সীসাযুক্ত রঙের বিপদ

ভাড়াটেদের অধিকার এবং দায়িত্ব সম্বন্ধে তাদের যা জানা উচিত

সীসা হল একটি বিষ যা প্রায়ই পুরানো রঙে পাওয়া যায়। সীসাযুক্ত রং এবং তার থেকে পরিণত হওয়া সীসার ধুলো, শৈশবকালে সীসাঘটিত বিষক্রিয়ার সবচেয়ে সাধারণ কারণ। সীসাঘটিত বিষক্রিয়া শিশুদের শিক্ষাগত এবং আচরণগত সমস্যা সৃষ্টি করতে পারে। নিউ ইয়র্ক সিটির (New York City, NYC) আবাসিক বিল্ডিংগুলিতে সীসাযুক্ত রঙের ব্যবহার 1960 সালে নিষিদ্ধ করে দেওয়া হয়েছে। 1960 সালের আগে তৈরি বিল্ডিংগুলির দেওয়াল, জানলা, জানলার ধার, দরজা এবং অন্যান্য পৃষ্ঠতলে এখনও সীসাযুক্ত রং থাকতে পারে। যদি রঙ খসে পড়তে শুরু করে অথবা বাড়ির মেরামতি অসুরক্ষিতভাবে করা হয়, সীসাযুক্ত রং এবং ধুলো আপনার বাড়ির চারপাশে ছড়িয়ে পরবে। শিশুরা তাদের হাত ও খেলনা মুখে দেওয়ার সময় সীসার ধুলো গিলে নিতে পারে।

শিশুদের সীসাঘটিত বিষক্রিয়া থেকে সুরক্ষিত রাখতে সাহায্য করার জন্য NYS-তে আইন এবং পরিষেবা আছে। যেসব অ্যাপার্টমেন্টে 5 বছর বা তার কম বয়সী শিশু রয়েছে অথবা প্রতি সপ্তাহে নিয়মিত 10 ঘন্টা বা তার বেশি সময় কাটায় সেইসব অ্যাপার্টমেন্টের বাড়িওয়ালাদের সীসাযুক্ত রঙ জনিত বিপত্তি খুঁজে মেরামত করতে হবে। বিল্ডিংটিতে তিন বা তার বেশি অ্যাপার্টমেন্ট থাকলে এবং বিল্ডিংটি 1960 সালের আগে তৈরি হলে (অথবা 1960 থেকে 1978 সালের মধ্যে যদি মালিক জানে যে বিল্ডিংটিতে সীসাযুক্ত রং আছে) এইসব আইন প্রযোজ্য হয়।

ভাড়াটেদের নিজস্ব অধিকার ও দায়িত্ব জানা গুরুত্বপূর্ণ।

বাড়িওয়ালাদের অবশ্যই:

- 5 বছর বা তার কম বয়সী কোনও শিশু রয়েছে কিনা অথবা প্রতি সপ্তাহে 10 ঘন্টা বা তার বেশি সময় কাটায় কিনা তা দেখে সেইসব অ্যাপার্টমেন্টে সীসাযুক্ত রঙ সংক্রান্ত বিপদ আছে কিনা তা লক্ষ্য করতে হবে।
- এক এবং দুই-পরিবারের বাড়ি সমেত সমস্ত ভাড়ার ইউনিটগুলিতে, কোনও নতুন ভাড়াটে আসার আগে সীসাযুক্ত রঙের বিপদ মেরামত করবে।
- সীসা থাকা রঙের বিপত্তি মেরামত করার সময় এবং সীসা থাকা রঙকে নষ্ট করে এমন সাধারণ মেরামতি করার সময় নিরাপদ কাজের অনুশীলন করতে হবে এবং প্রশিক্ষিত কর্মচারীদের নিয়োগ করতে হবে।
- জানলা প্রতিস্থাপনের সময় 100 বর্গফুটের থেকে বেশি এলাকার সীসাযুক্ত রং বিপর্যস্ত হলে অথবা NYC Department of Housing Preservation and Development (NYC হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট) দ্বারা জারি করা লঙ্ঘন ঠিক করার সময় United States Environmental Protection Agency (মার্কিন যুক্তরাষ্ট্রের এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি) দ্বারা শংসায়িত ফার্মগুলি ব্যবহার করতে হবে।

ভাড়াটেদের অবশ্যই:

- বাড়িওয়ালার থেকে পাওয়া বার্ষিক বিজ্ঞপ্তি পূরণ করে ফেরৎ দিতে হবে। অ্যাপার্টমেন্টে কোনও শিশু বসবাস করছে নাকি নিয়মিত সময় কাটাচ্ছে তা এই ফর্মটি থেকে বাড়িওয়ালা জানতে পারবেন।
- ভাড়াটের কোনও সন্তান আছে কিনা অথবা 5 বছর বা তার কম বয়সী কোনও শিশু অ্যাপার্টমেন্টে এসে থাকবে বা প্রতি সপ্তাহে নিয়মিতভাবে 10 ঘন্টা বা তার বেশি সময় ধরে থাকবে কিনা তা বাড়িওয়ালাকে লিখিতভাবে জানাতে হবে।

নিরাপদভাবে কাজ করার মধ্যে পড়ে:

- কাজের এলাকার বাইরে সতর্কতার চিহ্ন পোস্ট করা।
- সমস্ত আসবাবপত্র সরানো অথবা ঢেকে দেওয়া এবং মেঝে, দরজা ও অন্যান্য খোলা স্থানগুলি প্লাস্টিক ও জলনিরোধক টেপ দিয়ে ঘিরে দেওয়া।
- প্রত্যহ কাজের এলাকা হয় ভিজা ন্যাতা দিয়ে অথবা কোনও HEPA ভ্যাকুয়াম দিয়ে পরিষ্কার করা এবং কাজ সম্পূর্ণ হওয়ার পরে ভিজা ন্যাতা ও HEPA ভ্যাকুয়াম দুটি দিয়েই পরিষ্কার করা।
- কাজের পরে ধুলো পরিষ্কার করার কাজ সম্পূর্ণ হলে সীসার ধুলোর স্তর নিরাপদ আছে কিনা নিশ্চিত করার জন্য একজন প্রশিক্ষিত ব্যক্তিকে দিয়ে ক্লিয়ারেন্স নিতে হবে এবং ফলাফলের একটি কপি ভাড়াটেকে দিতে হবে।

বাড়িওয়ালা এবং ঠিকাদারের কখনই সীসাযুক্ত রঙ শুকনোভাবে ঘসা অথবা শুকনোভাবে মসৃণ করা উচিৎ নয়।

সীসাযুক্ত রং থেকে শিশুদের রক্ষা করার জন্য আপনি কী করতে পারেন

- আপনার অ্যাপার্টমেন্টের খসে পড়া, ফেটে যাওয়া বা ঝড়ে পড়া রং সম্বন্ধে আপনার বাড়িওয়ালাকে জানান। যদি আপনার বাড়িওয়ালা রং ওঠা আটকানোর ব্যাপারে ব্যবস্থা না নেন বা যদি আপনার মনে হয় মেরামতের কাজ নিরাপদে করা হচ্ছে না, তাহলে বিনামূল্যে পরিদর্শনের অনুরোধ করতে 311 নম্বরে ফোন করুন।
- মেঝে, জানলার ধার, হাত, খেলনা এবং চুষিকাঠি প্রায়ই ধুয়ে নিন।
- 1 এবং 2 বছর বয়সে আপনার সন্তানের সীসাঘটিত বিষক্রিয়া হয়েছে কিনা তা পরীক্ষা করতে আপনার চিকিৎসককে মনে করান। বড় শিশুদের পরীক্ষার ব্যাপারে চিকিৎসককে জিজ্ঞাসা করুন। চিকিৎসক না থাকলে, আপনার সন্তানকে কোথায় পরীক্ষা করাবেন তা 311 নম্বরে ফোন করে জেনে নিন।

সীসাঘটিত বিষক্রিয়া প্রতিরোধে সহায়তা করুন। এই কারণে 311 নম্বরে ফোন করুন:

- অসুরক্ষিতভাবে কাজকর্ম করা হলে তা রিপোর্ট করুন।
- কীভাবে সীসাঘটিত বিষক্রিয়া রোধ করবেন সেই সম্পর্কে আরো জানুন।
- পানীয় জলের জন্য বিনামূল্যের একটি সীসা পরীক্ষার কিটের অর্ডার দিন। জলের নমুনা জমা দেয়ার 30 দিনের মধ্যে আপনি ফলাফল পাবেন।
- সীসাঘটিত বিষক্রিয়ার জন্য আপনার সন্তানকে কোথায় পরীক্ষা এবং চিকিৎসা করাবেন সেই সম্বন্ধে জানুন।
- সীসাঘটিত বিষক্রিয়া প্রতিরোধের উপর এই প্রচারপত্র বা অন্য উপকরণের আরো কপির অর্ডার দিন।

একাধিক অ্যাপার্টমেন্ট থাকা বিল্ডিংয়ের মালিকদের (তিন বা তার বেশি অ্যাপার্টমেন্ট) আবশ্যিকভাবে এই প্রচারপত্র ভাড়াটেদের দিতে হবে যখন তারা 1960 সালের আগে তৈরি হওয়া (অথবা 1960 থেকে 1978 সালের মধ্যে যদি মালিক জানেন যে বিল্ডিংটিতে সীসাযুক্ত রং আছে) কোনও অ্যাপার্টমেন্ট লিজ নেওয়ার জন্য স্বাক্ষর করবেন অথবা তাতে স্থানান্তরিত হবেন। এই প্রচারপত্রে প্রাথমিক আইনি তথ্য রয়েছে এবং কেবলমাত্র আপনার সুবিধার জন্য প্রদান করা হয়েছে। আইন ও প্রযোজ্য নিয়মের কপির জন্য, **nyc.gov/hpd**-এ গিয়ে **"lead poisoning" (সীসাঘটিত বিষক্রিয়া)** খুঁজুন।

সীসাঘটিত বিষক্রিয়া প্রতিরোধ সম্বন্ধে আরো তথ্যের জন্য, **nyc.gov/leadfree** দেখুন।

এটি নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (Department of Health and Mental Hygiene)
এর "বাড়িতে সীসাযুক্ত রঙের বিপদ (Lead Paint Hazards in the Home)" নামক পুস্তিকার একটি মুদ্রণ অনুকূল সংস্করণ।